# তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসা,ঢাকা

**প্রাক নির্বাচনী অনলাইন পরীক্ষা-২০২০**

**শ্রেণি:দশম : বিষয় বাংলা ১ম পত্র (সৃজনশীল) বিষয় কোড: ১৩৪**

**সময় ২ ঘন্টা ৩০ মিনিট** **পূর্ণমান-৭০**

**[দ্রষ্টব্য: গদ্যাংশ থেকে চারটি ও কবিতাংশ থেকে তিনটি মোট সাতটি উদ্দীপকের প্রশ্নের উত্তর দিতে হইবে ।]**

১. দৃশ্যপট-১ ইসলাম প্রচার করতে গিয়ে তায়েফবাসীর নির্মম অত্যাচারে জর্জরিত হলেন হযরত মুহাম্মদ (সা.)। উপহাস অবহেলা আর তিরস্কারে তিনি তুচ্ছ বনে গেলেন। কিন্তু তিনি অত্যাচারীদের প্রতি এতটুকু অভিসম্পাত করেননি।

দৃশ্যপট-২) বিষ প্রয়োগকারীর পরিচয় জানতে পেরেও হযরত ইমাম হাসান রা: তাকে ক্ষমা করে দেন। আর প্রতিজ্ঞা করেন তাকে ছাড়া তিনি স্বর্গের দ্বারে পা রাখবেন না। এমনকি ছোট ভাই হোসেনকে বিষ প্রদানকারীর পরিচয় জানতে পারলেও তাকে ক্ষমা করার অনুরোধ করেন।

ক. হযরত মুহাম্মদ সা. কোন বংশে জন্মগ্রহণ করেন ? ১

খ. 'এদের জ্ঞান দাও প্রভু এদের ক্ষমা কর'-মহানবী কেন এ প্রার্থনা করেছিলেন ? ২

গ. উদ্দীপক দু'টির মধ্যে বিদ্যমান সাদৃশ্য নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকদ্বয়ে ফুটে উঠা মহানবী (সা:) এর বিশেষ গুণটি মানুষ মুহাম্মদ সা. প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

২. বিশ্ববিদ্যালয়ের ছাত্রী সুমাইয়া মা বাবার সাথে গ্রামের বিয়ে বাড়িতে আসে।এর আগে সে গ্রামের কোনো বিয়ে বাড়িতে যায়নি। সেখানে গায়ে হলুদের বিভিন্ন গান, বরপক্ষ ও কনেপক্ষের মাঝে নানা ধাঁধা ও ছড়ার প্রতিযোগিতা দেখে সে মুগ্ধ হয়ে যায়। মাকে সে বলে শহরের বিয়ে সাদীতে এসব কেন পরিবেশন করা হয় না? জবাবে তার মা বলে দুর বোকা, শহরের পরিবেশে এগুলো কী মানায়? তখন সুমাইয়া বলে,এগুলোর কারণেই এখানে সবাই অনেক আনন্দ উপভোগ করছে।সে মনস্থির করে ভবিষ্যতে ওগুলো সংগ্রহ করে একটি বই বের করবে।

ক. মনসুর বয়াতি কে ? ১

খ. 'স্বেচ্ছাসেবক দল' বলতে মুহাম্মদ শহীদুল্লাহ কাদের বুঝিয়েছেন ? বুঝিয়ে লেখ। ২

গ. সুমাইয়ার মায়ের মানসিকতায় 'পল্লী সাহিত্য' প্রবন্ধে বর্ণিত কোন দিকটি ফুটে উঠেছে ? ব্যাখ্যা কর। ৩

ঘ. সুমাইয়ার মানসিকতায় মুহাম্মদ শহীদুল্লাহর আশাবাদ কতটুকু প্রতিফলিত হয়েছে ? যাচাই কর। ৪

৩. আনোয়ারা বেগমের একমাত্র সন্তান মোস্তফা ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে সশস্ত্র সংগ্রামে হানাদার বাহিনীর হাতে শহীদ হন। বুকে পাথর বেঁধে তিনি অপেক্ষা করছেন কবে দেশ স্বাধীন হবে। পুত্রের চাইতেও দেশের স্বাধীনতা তার কাছে বড়। তাইতো ১৬ ই ডিসেম্বর যখন জেনারেল নিয়াজী আত্মসমর্পণ করে তখন আনোয়ারা বেগম মনে মনে বলেন,'আমার পুত্রের প্রাণদান বৃথা যায়নি'।

ক.'বণি প্রিন্স' কীসের নাম? ১

খ.স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পীরা ছদ্মনাম ব্যবহার করতেন কেন? ২

গ.উদ্দীপকের মোস্তফা 'একাত্তরের দিনগুলি' রচনার কোন চরিত্রের কথা মনে করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩

ঘ.'উদ্দীপকের বিষয়বস্তু 'একাত্তরের দিনগুলি' রচনার একটি খণ্ডচিত্র মাত্র'- বিশ্লেষণ কর। ৪

৪. কবির জহির রায়হান মিলনায়তনে একুশে ফেব্রুয়ারি উপলক্ষ্যে মঞ্চনাটক দেখতে গেল। ১৯৫২ সালের ভাষা আন্দোলনের বিষয়বস্তু অবলম্বনে নাটকের কুশীলবরা ফুটিয়ে তুলেছে চমৎকার নাটক। সরাসরি সামনে থেকে নাটকের অভিনয় দেখে কবির খুব আনন্দ পেল। তার মনে হল টেলিভিশনের চাইতে মঞ্চনাটকই সে দারুণ উপভোগ করেছে।

ক.নীলদর্পন কার রচনা ? ১

খ. কমেডি বিষয়ে এরিষ্টোটলের মন্তব্যটি লেখ। ২

গ.কবিরের অভিনয় দেখার মধ্যদিয়ে 'সাহিত্যের রূপ ও রীতি' প্রবন্ধের কোন দিকটির পরিচয় পাওয়া যায় ? ব্যাখ্যা কর। ৩

ঘ.'কবিরের অভিনয় দেখার বিষয়টির মধ্যেই নাটকের মূলতত্ত্ব নিহিত রয়েছে'- মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৫. রহিম সাহেব সাত বছরের একমাত্র সন্তান নায়ীমকে সাথে নিয়ে লঞ্চযোগে ঢাকা যাচ্ছিলেন। নায়ীমের জেদাজেদিতে তার প্রিয় কুকুর বাঘাকেও সাথে নিতে হল। লঞ্চের মাঝে নায়ীমের খুশি দেখে কে ? বাঘার সাথে লুকোচুরি খেলা খেলতে গিয়ে অসতর্কভাবে নদীতে পড়ে যায় নায়ীম। কেউ এগিয়ে যাবার আগেই বাঘা নদীতে লাফিয়ে পড়ে। অনেক খুঁজে নায়ীমের জামা কামড়ে ধরে লঞ্চের দিকে এলে রহিম সাহেব ও লঞ্চের কর্মচারীরা নায়ীমকে উদ্ধার করলেও বাঘা লঞ্চের নিচে পড়ে প্রাণ হারায়।

ক. জগদলের দিনগুলি আনন্দময় হবার প্রধান কারণ কী ? ১

খ.'বাবাকে পৃথিবীর নিষ্ঠুরতম মানুষদের একজন মনে হলো- কেন বুঝিয়ে লেখ। ২

গ.উদ্দীপকের বাঘার সাথে বেঙ্গল টাইগারের কোন মনোভাবের সাদৃশ্য লক্ষ্য করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটি 'নিয়তি' গল্পের প্রতিফলিত ভাবকে কতটুকু ধারণ করতে পেরেছে? তোমার মতামত দাও। ৪

৬. বারো বছরের মাতৃহীনা মিনা বাবাকে সহযোগিতা করার জন্য একটি বাসায় গৃহকর্মীর কাজ নেয়। গৃহকর্ত্রী তার ছোট মেয়েটিকে শেখালেন মিনাকে মিনা ফপু বলে ডাকতে। গৃহকর্ত্রীর স্নেহে মিনা যেন তার মাকেই ফিরে পেল। মিনার বাবা একদিন তাকে নিতে এলে মিনা কান্না জুড়ে দিল এবং বললো,'এই বাড়ি ছাইড়া আমি কোনোখানে যামুনা'।

ক. মানিক বন্দোপাধ্যায়ের আসল নাম কী ? ১

খ.'বেশি আস্কারা দিও না জ্বালিয়ে মারবে মা কাকে কেন একথা বললেন ? ২

গ.উদ্দীপকের মিনা 'মমতাদি' গল্পের কোন চরিত্রের প্রতিচ্ছবি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের গৃহকর্ত্রী কী 'মমতাদি' গল্পের লেখকের মায়ের প্রতিনিধিত্ব করে? তোমার যৌক্তিক মতামত দাও। ৪

## কবিতাংশ

৭. বিপথগামী কিছু সেনা কর্মকর্তা তুরস্কে সেনা অভ্যুত্থান ঘটানোর চেষ্টা করে। মধ্যরাতে তারা ভারী অস্ত্রশস্ত্রসহ ট্যাংক, কামান, জঙ্গীবিমান ইত্যাদি নিয়ে আক্রমণ চালিয়ে রাজধানী শহরসহ রেডিও টেলিভিশন স্টেশন দখল করে নেন। দেশটির প্রেসিডেন্ট রিসেপ তায়েব এরদোগান সে সময় অন্য একটি শহরে অবস্থান করছিলেন। অভ্যুত্থানের খবর শুনে তাৎক্ষণিক তিনি তার স্মার্টফোনে একটি ভিডিও বার্তা রেকর্ড করে ইন্টারনেটে ছেড়ে দেন এবং এতে তিনি দেশপ্রেমিক জনগণকে অভ্যুত্থানের বিরুদ্ধে রুখে দাঁড়াতে আহ্বান জানান। সঙ্গে সঙ্গে হাজার হাজার মানুষ তার আহ্বানে উদ্বুদ্ধ হয়ে রাতের অন্ধকার ছাপিয়ে রাস্তায় নেমে আসে এবং অভ্যুত্থান ব্যর্থ করে দেয়।

ক. ছোটদের জন্য লেখা নির্মুলেন্দু গুণের গ্রন্থটির নাম কী ? ১
খ.'কবির বিরুদ্ধে কবি' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ.উদ্দীপকটি 'স্বাধীনতা এই শব্দটি কীভাবে আমাদের হল' কবিতার সাথে কীভাবে সম্পর্কিত ব্যাখ্যা কর। ৩
ঘ.উদ্দীপকের চাইতে 'স্বাধীনতা এই শব্দটি কীভাবে আমাদের হল' কবিতার ভাব আরও সংহত ও তাৎপর্যময়-আলোচনা কর। ৪

৮. 'সাবাস বাংলাদেশ
এ পৃথিবী অবাক তাকিয়ে রয়
জ্বলে পুড়ে মরে ছারখার
তবু মাথা নোয়াবার নয়।'

ক.অসুর নৃত্য কী ? ১
খ.বাংলাকে 'সাহসী  জননী ' বলা হয়েছে কেন ? ২
গ.উদ্দীপকটি 'সাহসী  জননী বাংলা' কবিতার যে দিকটির সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩
ঘ.উদ্দীপকের ভাবার্থ যেন 'সাহসী জননী  বাংলা' কবিতার বিষয়বস্তুর অনুরূপ- প্রমাণ কর। ৪

৯. দৈন্য যদি আসে,আসুক,লজ্জা কিবা তাহে
মাথা উঁচু রাখিস
সুখের সাথী মুখের পানে যদি না চাহে
ধৈর্য ধরে থাকিস
রুদ্ররূপে তীব্র দু:খ যদি আসে নেমে
বুক ফুলিয়ে দাঁড়াস
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙ্গে
ঊর্ধ্বে দু'হাত বাড়াস

ক.'ধ্বজা'শব্দটির অর্থ কী? ১
খ.'আয়ু যেন শৈবালের নীড়'-বুঝিয়ে লিখ। ২
গ.উদ্দীপকের সাথে 'জীবনসঙ্গীত' কবিতার সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'জীবন সঙ্গীত' কবিতার সমগ্রভাব ধারণে কতটুকু সফল? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

১০. 'আমার এ দেশ সব মানুষের
নেই ভেদাভেদ হেথা কুলি আর কামারে
নেই ভেদাভেদ হেথা চাষি আর চামারে
হিন্দু মুসলিম বৌদ্ধ, খ্রিস্টান;  দেশমাতা এক সকলের
লাঙলের ফালে আজ চাকা ঘোরে একতালে
এক হয়ে মিশে গেছি আমরা সবাই একদলে
মন্দির মসজিদ গির্জার আবাহনে বাণী শুনি এক সুরে।

ক.'আমার পরিচয়' কবিতায় কবি কীসের ছবি আঁকতে চেয়েছেন? ১
খ.'আমার পরিচয়' কবিতায় কবি বারো ভূঁইয়ার প্রসঙ্গ এনেছেন কেন? ২
গ.'উদ্দীপক ও 'আমার পরিচয়' কবিতার মধ্যে সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ.উদ্দীপকে সকল জাতি মিলে মিশে বসবাসের যে ব্যাকুলতা প্রকাশ পেয়েছে তা 'আমার পরিচয়' কবিতার ও উপজীব্য কি-না আলোচনা কর।৪

১১. রাইফেলটা কাঁধে তুলে নিয়ে ছোট টিলাটির উপরে এসে দাঁড়াই। সামনে তাকাই। বিরাট আকাশ। দূরে আর একটা গ্রাম। খবর এসেছে ওখানে ঘাঁটি পেতেছে ওরা। একদিন যারা আমাদের অংশ ছিল। একসঙ্গে থেকেছি খেয়েছি। ঘুমিয়েছি। এক টেবিলে বসে গল্প করেছি। আজ তাদের দেখলে শরীরের রক্ত গরম হয়ে যায়। চোখ জ্বালা করে উঠে। হাত নিশপিশ করে। পাগলের মতো গুলি ছুঁড়ি। মারার জন্য মরিয়া হয়ে উঠি। একজনকে মারতে পারলে উল্লাসে ফেটে পড়ি।

ক.জেলেপাড়ার সবচেয়ে সাহসী  লোক কে ? ১
খ.ছাত্রাবাস ও বস্তি উজাড় হল কেন ? ২
গ.উদ্দীপকে 'তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা'  কবিতার কোন দিকটি ফুটে উঠেছে তা উপস্থাপন কর। ৩
ঘ.উদ্দীপকটিতে'তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা' কবিতার সমগ্র ভাবের প্রকাশ হয়নি-মন্তব্যটির যথার্থতা যাচাই কর। ৪

# তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা , ঢাকা

প্রাক নির্বাচনী অনলাইন পরীক্ষা-২০২০

শ্রেণি ঃ দশম বিষয় কোড: ১৩৪

বিষয় ঃ বাংলা ১ম পত্র (বহুনির্বাচনী অভীক্ষা)

**সময় ঃ ৩০ মিনিট** **পূর্ণমান ঃ ৩০**

**[সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোন দাগ দেওয়া যাবে না]**

১। "ঘটনাটি শোনার পর মনে হচ্ছে আরও শুনি"- উক্তিটি নিচের কোনটির ক্ষেত্রে প্রযোজ্য?
ক) নাটকের খ) কবিতার
গ) মহাকাব্যের ঘ) ছোটগল্পের

২। নাটকের প্রধান লক্ষ্য কোনটি ?
ক) রাজনীতি খ) দর্শক সমাজ
গ) পাঠকশ্রেণি ঘ) অভিনেতা অভিনেত্রী

৩। 'সাহিত্যের রূপ ও রীতি'- প্রবন্ধের লেখক হচ্ছেন
ক) হায়াত মাহমুদ খ) হায়াত মামুদ
গ) হায়াৎ মামুদ ঘ) আবুল হায়াৎ মাহমুদ

৪। লেখক হুমায়ূন আহমেদের কাছে তাঁর বাবাকে নিষ্ঠুর মনে হয়েছিল-
i) বাবা কুকুরটিকে হত্যা করেছিলেন বলে
ii) বাবা জগদল ছাড়তে চাইছিলেন বলে
iii) লেখক তার বাবাকে ভুল বুঝেছিলেন বলে
নিচের কোন্‌টি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৫। লেখক হুমায়ূন আহমেদের বাবা মহারাজার কী দেখে মুগ্ধ হয়েছিলেন ?
ক) রুচি খ) সাহস
গ) মহত্ত্ব ঘ) ক্ষমতা

৬। নিয়তি গল্পে বেঙ্গল টাইগার কে ?
ক) বাঘের বাচ্চা খ) একটি কুকুর
গ) বাঘডাসা ঘ) সুন্দরবনের বাঘ

৭। 'ফুফুজান এ পাড়ার অনেকেই চলে যাচ্ছে বাড়ি ছেড়ে'- 'একাত্তরের দিনগুলি' রচনায় কথাটি কে বলেছে?
ক) শরীফ খ) করিম
গ) জামি ঘ) রুমি

উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:
ফিলিস্তিনি জনগণের বসত বাড়ি পুড়ছে এখনো।অবিরাম বোমা বর্ষণে ভাঙ্গছে ঘরবাড়ি।দীর্ঘ হচ্ছে লাশের সারি। প্রতি মুহূর্তে জীবনমৃত্যুর সন্ধিক্ষণে তাদের জীবন।

৮। উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ রচনা নিচের কোনটি ?
ক) নিয়তি খ) শিক্ষা ও মনুষ্যত্ব
গ) একাত্তরের দিনগুলি ঘ) উপেক্ষিত শক্তির উদ্বোধন

৯। উক্ত সাদৃশ্যের মূলে রয়েছে–
i) অত্যাচারের নির্মমতা
ii) স্বাধীনতার আকাঙ্ক্ষা
iii) দেশের প্রতি ভালোবাসা
নিচের কোন্‌টি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১০। 'পল্লীর প্রত্যেক পরতে পরতে সাহিত্য ছড়িয়ে আছে'- একথা দ্বারা ড. শহীদুল্লাহ কি বুঝিয়েছেন ?
ক) সাহিত্যের উপাদানের প্রাচুর্য
খ) সাহিত্যিকের ব্যাপক ছড়াছড়ি
গ) সাহিত্যের উপাদান সমূহের সংরক্ষণ
ঘ) সাহিত্যের সাথে গণমানুষের সম্পৃক্ততা

১১। প্রাচীন ভারতের প্রখ্যাত মহিলা জ্যোতিষী কে?
ক) রামানুজন খ) খনা
গ) রোমা রোঁলা ঘ) মদিনা বিবি

১২। পল্লী সাহিত্যকে ধ্বংসের হাত থেকে রক্ষা করতে কি প্রয়োজন?
i) শিক্ষিত সমাজ গড়ে তোলা
ii) ফোকলোর সোসাইটি গঠন করা
iii) পল্লী সাহিত্য সম্পর্কে গবেষণা করা
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩। 'যে বলিবে হযরত মরিয়াছে তাহার মাথা যাইবে'- কথাটি কে বলেছেন?
ক) হযরত আলী রা: খ) হযরত আবুবকর রা:
গ) হযরত উমর রা: ঘ) হযরত উসমান রা:

১৪। মহানবি সা. কীসের দ্বারা মানুষের মন আকর্ষণ করেছিলেন ?
ক) শক্তি খ) কৌশল
গ) বংশমর্যাদা ঘ) মানবীয় গুণাবলি

১৫। সব বিভেদের রেখা মুছে দিয়ে 'আমার পরিচয়' কবিতায় কবি কীসের ছবি আঁকবেন ?
ক) শান্তির খ) প্রেরণার
গ) সাম্যের ঘ) প্রগতির

১৬। 'আমার পরিচয়' কবিতায় মহুয়ার পালা ছাড়া আর কোন লোক কাহিনীর কথা উল্লেখ আছে?
ক) কমলার দিঘী খ) চর্যাপদ
গ) অগ্নিবীণা ঘ) কৈবর্ত বিদ্রোহ

১৭। 'স্বাধীনতা এ শব্দটি কীভাবে আমাদের হলো'-কবিতায় কপালে কব্জিতে লালসালু বেঁধে এই মাঠে কে ছুটে এসেছিল ?
ক) মাঠের কৃষক খ) লোহার শ্রমিক
গ) পাতা কুড়ানিরা ঘ) মধ্যবিত্ত শ্রেণি

নিচের কবিতাংশটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:
আফগানিস্থানে একটি বিবাহের অনুষ্ঠান চলছিল। এসময়ে বোমা মেরে বরসহ অন্তত ৫০ জনকে হত্যা করে হানাদার বাহিনী। সৌভাগ্যক্রমে বেঁচে যায় বধূর সাজে বসা আনিকা

১৮। উদ্দীপকের ধারণার সাথে 'তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা' কবিতার কোন চরণের মিল পাওয়া যায় ?
ক) শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক এলা

খ) সকিনা বিবির কপাল ভাঙলো
গ) ছাত্রাবাস বস্তি উজাড় হলো
ঘ) ছাই হলো গ্রামের পর গ্রাম

১৯। উক্ত সাদৃশ্যের মূলে রয়েছে-
i) হানাদারদের নৃশংসতা
ii) বাঙালি নারীর মর্মবেদনা
iii) আবহমান বাংলার মারামারি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০। 'দানবের মতো চিৎকার করতে করতে'-এখানে দানবের মতো বলতে নিচের কোনটিকে বোঝানো হয়েছে ?
ক) ক্ষমতার প্রকাশ খ) ভীতি প্রদর্শন
গ) ধ্বংসযজ্ঞ ঘ) সমরাস্ত্র প্রদর্শন

২১। স্বাধীনতা এ শব্দটি কীভাবে আমাদের হলো' কবিতায় পাতা কুড়ানিয়া দল সমাজ বাস্তবতায় বর্তমানে কী নামে পরিচিত ?
ক) ছিন্নমূল খ) বস্তিবাসী
গ) অনাথ শিশু ঘ) টোকাই

২২।'জীবন সঙ্গীত' কবিতায় কীসের ফাঁস না পরার জন্য বলা হয়েছে ?
ক) দু:খের খ) সম্পদের
গ) সংসারের ঘ) অন্ধকারের

২৩। 'জীবন সঙ্গীত' কবিতায় নিশার স্বপন বলতে বুঝায়-
ক) মিথ্যা বা অসার ভাবনা খ) সুখের ভাবনা
গ) স্বপ্নের কল্পনা ঘ) ভবিষ্যতের ভাবনা

২৪।'সাহসী জননী বাংলা কবিতায় খেলেছি মেরেছি সুখে কান কেটে দিয়েছি তোদের'- বলে বাঙালির কোন বৈশিষ্ট্যের প্রতি ইঙ্গিত করা হয়েছে ?
ক) অত্যাচার খ) ঐতিহ্য প্রীতি
গ) স্বাধীনচেতা স্বভাব ঘ) অন্যায়কে ঘৃণা

২৫।'সাহসী জননী বাংলা' কবিতায় বাঙালিদের অনার্য জাতি খর্বদেহ বলে কবি বোঝাতে চেয়েছেন বাঙালির-
i) বীরত্ব
ii) ঐতিহ্য
iii) বঞ্চনার ইতিহাস
নিচের কোনটি সঠিক ?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬। 'জাগে নীল কমলেরা জাগে'– এখানে নীল কমল কারা?
ক) অনার্য খ) হানাদার
গ) অসুর ঘ) মুক্তিযোদ্ধা

২৭। কবিতার হাতে রাইফেল কীসের প্রতীক ?
ক) সাহসের খ) ঘৃণার
গ) আক্রমণের ঘ) হত্যার

২৮।'জুতা আবিষ্কার' কবিতায় রান্নাঘরে হাঁড়ি না চড়ার কারণ কী ছিল ?
ক) অভাব অনটন খ) চালের দুর্মূল্য
গ) রাজভয়ে দু:শ্চিন্তা ঘ) মন্ত্রীর আদেশ

২৯।'জীবন সঙ্গীত' কবিতা মতে সংসারের দায়িত্ব যথাযথভাবে পালন করতে হয় কারণ–
i) বৈরাগ্যে মুক্তি নেই
ii) দায়িত্ব পালন না করলে শাস্তি
iii) সংসার মানুষের আপন ঠিকানা
নিচের কোন্টি সঠিক ?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০। ' জুতা আবিষ্কার' কবিতায় রাজা হবু কেমন প্রকৃতির ?
ক) খেয়ালি খ) নির্বোধ
গ) বদরাগী ঘ) কোমল